

# ডিগ্রির ফল প্রকাশ, পাসের হার ৮৮.৮০ শতাংশ

## স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ২৩:২৮, ২০ মে ২০২৫; আপডেট: ২৩:২৯, ২০ মে ২০২৫



জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০২৩ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স প্রথম বর্ষ পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এতে উত্তীর্ণ হয়েছেন ৮৮ দশমিক ৮০ শতাংশ পরীক্ষার্থী।



ৱ

মঙ্গলবার (২০ মে) রাতে এ ফল প্রকাশ করা হয়। সন্ধ্যা ৭টা থেকে পরীক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রবেশ করে নির্দিষ্ট প্রক্রিয়ার মাধ্যমে ফল দেখতে পারছেন।

ৱ

প্রকাশিত ফল বিশ্লেষণ করে দেখা যায়, সারা দেশের ৬৭৯টি কেন্দ্রে এক হাজার ৯১৮টি কলেজের মোট দুই লাখ ৬৭ হাজার ৯১৩ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেছেন। গড় পাসের হার দাঁড়িয়েছে ৮৮ দশমিক ৮০ শতাংশ।



X

Watch on 

নয় বছরের আমানের বিশ্বরেকর্ড | News | Sports | Janakantha

গ্রুপভিত্তিক ফলাফল বিশ্লেষণ করে দেখা গেছে, বিএ বিভাগে ৬৬ হাজার ৮৩৫ জন অংশগ্রহণ করে পাস করেছেন ৬০ হাজার ৫৪৯ জন। এ বিভাগে পাসের হার ৯০ দশমিক ৫৯ শতাংশ।

বিএসএস বিভাগে অংশগ্রহণ করেন ৬৮ হাজার ৯৬৫ জন। এরমধ্যে পাস করেছেন ৬২ হাজার ৬৫৩ জন। পাসের হার ৯০ দশমিক ৮৪ শতাংশ।



বিকম/বিবিএস বিভাগে অংশগ্রহণ করেন ২৫ হাজার ৬২৮ জন। পাস করেছেন ২১ হাজার ৪৬৮ জন। পাসের হার ৮৩ দশমিক ৭৬ শতাংশ।

বিএসসি বিভাগে অংশগ্রহণ করেন ৬ হাজার ১৫৩ জন। পাস করেছেন ৪ হাজার ১৪৫ জন। পাসের হার ৬৭ দশমিক ৩৬ শতাংশ।

বি মিউজিক ও বি স্পোর্টস বিভাগে পরীক্ষার্থী ছিল যথাক্রমে ১৫ জন ও ৭ জন। পাস করেছেন সবাই। দুই বিভাগেই পাসের হার ১০০ শতাংশ।

সার্টিফিকেট কোর্স (মানোন্নয়ন) অংশগ্রহণ করেন ৫১ জন।  
শতাংশ।

---



এছাড়া মানোন্নয়ন (সাধারণ) পরীক্ষায় অংশ নেন ১ লাখ ২৫৯ জন। পাস করেছেন ৭৪ হাজার ২২ জন। পাসের হার ৭৩ দশমিক ৮৩ শতাংশ।

শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ফল দেখতে পারবেন।

---

রিফাত